গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowr.gov.bd

**বিষয়: 'বিশ্ব পানি দিবস ২০১৭' উদযাপন উপলক্ষে গঠিত জাতীয় কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. জাফর আহমেদ খান<br>সিনিয়র সচিব<br>পানি সম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১২ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রি:। |
| সময় | : | বেলা ০২:০০ ঘটিকা। |
| স্থান | : | পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপনকল্পে ১২ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খানের সভাপতিত্বে বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটির ১ম সভা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত ও শুভেচ্ছা জানান। সভায় দিবসটি উপলক্ষে ৯ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে মাননীয় মন্ত্রী এবং মাননীয় প্রতিমন্ত্রীর উপস্থিতিতে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী বিতরণ করা হয় এবং সিদ্ধান্তসমূহের আলোকে আলোচনার সূত্রপাত করা হয়। সভাপতি এবারের বিশ্ব পানি দিবসের কর্মসূচি যেন গতানুগতিক না হয় এবং ব্যবস্থাপনায় যেন কোনো সমস্যা না হয় সে বিষয়ে লক্ষ্য রেখে ব্যাপক ও কার্যকর কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে গুরুত্বপূর্ণ দিক-নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতি সকলের সুচিন্তিত মতামত আহবান করেন। তিনি সকলকে বিগত সভাটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ স্মরণ করিয়ে প্রয়োজনীয় আলোচনা ও প্রস্তাব উপস্থাপনের জন্য Floor উন্মুক্ত করেন।

৩। সভায় উপস্থিত পানি সম্পদ বিশেষজ্ঞ, বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ বিস্তারিতভাবে তাদের মতামত/অভিমত জানান। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়:

সিদ্ধান্ত নং-১.০ বিগত ৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভায় গঠিত 'বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটিতে' প্রয়োজনে উপযুক্ত সদস্য কো-অপ্ট করা যাবে।

**সিদ্ধান্ত নং-২.০** বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটিতে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) কে কো-অপ্ট করতে হবে।

**সিদ্ধান্ত নং-৩ .০** ওসমানী স্মৃতি মিলনায়তনের আলোচনা অনুষ্ঠানে প্রদর্শনের জন্য প্রফেশনাল চলচ্চিত্র নির্মাতার মাধ্যমে একটি নদীর আত্মকথা নিয়ে Short Film তৈরি করা হবে।

**সিদ্ধান্ত নং-৪** ওসমানী হলে মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান, নিমন্ত্রণপত্র, ক্রোড়পত্র প্রকাশ ও র‍্যালি সম্পর্কিত কার্যক্রম সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২। | মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ৩। | মহাপরিচালক, ওয়ারপো | সদস্য |
| ৪। | যুগ্ম-সচিব (প্রশাসন)/উন্নয়ন-২/উন্নয়ন-১ অধিশাখা/যুগ্ম-প্রধান | সদস্য |
| ৫। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/পশ্চিম রিজিয়ন, বাপাউবো | সদস্য |
| ৬। | উপসচিব (উন্নয়ন-৫)/উপপ্রধান (পরিকল্পনা-১), পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | সদস্য, যৌথ নদী কমিশন | সদস্য |
| ৮। | পরিচালক (প্রচার সেল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৯। | প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১০। | আইডব্লিউএম/সিইজিআইএস'র উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১১। | প্রোগ্রামার, পাসম | সদস্য |
| ১২। | সহকারী সচিব (উন্নয়ন-৩) | সদস্য |
| ১৩। | সহকারী প্রধান- পরিকল্পনা ৩ শাখা, পাসম | সদস্য |
| ১৪। | জনসংযোগ কর্মকর্তা, পাসম | সদস্য |
| ১৫। | উপসচিব প্রশাসন-২ | সদস্য সচিব |

৪.১ উল্লেখ্য, এ উপ-কমিটি উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

৪.২ উপকমিটির কার্যপরিধি:

ক) ওসমানী স্মৃতি মিলনায়তনে মাননীয় প্রধানমন্ত্রীর অনুষ্ঠান সংক্রান্ত সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্নের ব্যবস্থা গ্রহণ।

খ) এ উপ-কমিটি উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

গ) সিনিয়র সচিব এর পরামর্শক্রমে অন্যান্য কার্যাবলি।

৫। বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে পানি দিবস উদযাপন অনুষ্ঠান, অর্থছাড়, সেমিনারের আয়োজন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সংক্রান্ত উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২। | যুগ্ম-সচিব (বাজেট ও অডিট)/ উন্নয়ন-৪ অধিশাখা | সদস্য |
| ৩। | অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা, বাপাউবো | সদস্য |
| ৪। | মহাপরিচালক, নগই | সদস্য |
| ৫। | উপসচিব (বাজেট ও অডিট)/(প্রশাসন-২)/উপপ্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ৬। | সিনিয়র সহকারী সচিব (বাজেট) | সদস্য |
| ৭। | সহকারী সচিব (উন্নয়ন-৩ শাখা) | সদস্য |
| ৮। | সিস্টেম এনালিস্ট, পাসম | সদস্য |
| ৯। | সহকারী প্রধান (পরিকল্পনা-১/২/৪ শাখা), পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১০। | পরিচালক (অর্থ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১১। | হিসাবরক্ষণ কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১২। | সিনিয়র সহকারী সচিব (বাজেট), পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১৩। | পরিচালক (প্রচার সেল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ১৪। | উপসচিব (প্রশাসন-১), পাসম | সদস্য সচিব |

৫.১উল্লেখ্য, এ কমিটি প্রয়োজনে উপকমিটি গঠন এবং উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

৫.২ উপকমিটির কার্যাবলী:

ক) অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত বরাদ্দকৃত অর্থ থেকে ৯ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপনের প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্ত মোতাবেক সকল জেলা প্রশাসক এবং সদর উপজেলা ব্যতীত সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর আর্থিক বিধান অনুযায়ী ১৫ ফেব্রুয়ারি, ২০১৭ এর মধ্যে অর্থ ছাড়করণ;

খ) কর্তৃপক্ষের দিক-নির্দেশনা গ্রহণ এবং জেলা উপজেলা পর্যায়ে গৃহিতব্য/গৃহিত কার্যক্রম/কর্মসূচি মনিটরিং করা এবং সিনিয়র সচিব মহোদয়কে সময় সময় অবহিত করা;

গ) সিনিয়র সচিব এর পরামর্শক্রমে অন্যান্য কার্যাবলি (যদি থাকে)।

**সিদ্ধান্ত নং-৬.০** দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা এবং পানি সম্পদ বিষয়ে কার্যক্রম ও কর্মসূচি বাস্তবায়নরত এনজিওসমূহ ২২ মার্চ, ২০১৭ তারিখের আগে কিংবা পরে একটি সেমিনার আয়োজন করবে। এছাড়া, সামর্থ্য অনুযায়ী এ বছর বিশ্ব পানি দিবসে জাতীয়, জেলা এবং উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

**সিদ্ধান্ত নং-৭.০** ঢাকা মহানগরীতে যেসব প্রতিষ্ঠান/সংস্থা/এনজিও বিশ্ব পানি দিবস ২০১৭ উপলক্ষে সেমিনার কিংবা অন্য অনুষ্ঠান/কার্যক্রম গ্রহণ করবে সে বিষয়ে ১২ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়কে অবহিত করতে পারে।

**সিদ্ধান্ত নং-৮.০** বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত জেলা কমিটি নিম্নরূপভাবে গঠিত হবে:

৮.১.০ বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত জেলা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১। | জেলা প্রশাসক | সভাপতি |
| ২। | পুলিশ সুপার | সহসভাপতি |
| ৩। | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ | সদস্য |
| ৪। | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৬। | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ৭। | জেলা মৎস্য কর্মকর্তা কর্তাকর্তা | সদস্য |
| ৮। | জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পানি বিষয়ে কর্মরত ২ (দুই) জন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১০। | সচিব, জেলা পরিষদ | সদস্য |
| ১১। | পৌরসভার প্রতিনিধি | সদস্য |
| ১২। | নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | |

৮.১.১ উল্লেখ্য, এ কমিটি প্রয়োজনে উপ-কমিটি গঠন এবং উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

৮.১.২ কমিটির কার্য পরিধি:

ক) যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন;

খ) অন্যান্যর মধ্যে একটি র‍্যালি এবং একটি আলোচনা সভার আয়োজনের ব্যবস্থাকরণ;

গ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিল-ভাউচার জেলা প্রশাসকের কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ;

ঘ) অন্যান্য (যদি থাকে)।

৮.২ বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন সংক্রান্ত উপজেলা কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২। | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ | সদস্য |
| ৩। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট থানা) | সদস্য |
| ৪। | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫। | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ৬। | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৭। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৮। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৯। | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পানি বিষয়ে কর্মরত ১ (এক) জন এনজিও প্রতিনিধি | সদস্য |
| ১০। | পৌরসভার প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ১১। | উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য সচিব |

৮.২.১ উল্লেখ্য, এ কমিটি প্রয়োজনে উপকমিটি গঠন এবং উপযুক্ত কর্মকর্তা/ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে।

৯.২.২ উপ-কমিটির কার্য পরিধি:

ক) যথাযথ গুরুত্ব ও মর্যাদার সাথে বিশ্ব পানি দিবস ২০১৭ উদযাপন;

খ) অন্যান্যর মধ্যে একটি র‍্যালি এবং একটি আলোচনা সভার আয়োজন;

গ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের বিল-ভাউচার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ;

ঘ) অন্যান্য (যদি থাকে)।

৪। সভার আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/২/১৭

(ড. জাফর আহমেদ খান)
সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়।